# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০, ফোনঃ +৮৮ ০২-২২৬৬৩৯৭০৭

ই-মেইল: info@bnmc.gov.bd ওয়েব সাইট: www.bnmc.gov.bd


নং-বিএনএমসি/প্রশা-৩৪ (অংশ-৪)/২০২৪-**১৬৬** তারিখ: ১০ মার্চ ২০২৪

## ভর্তি বিজ্ঞপ্তি

সরকারি, স্বায়ত্তশাসিত (সামরিক-বেসামরিক) ও বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে ০৪ বছর মেয়াদি বিএসসি ইন নার্সিং, ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলি:**

১. প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২. আবেদনকারীকে ২০২১, ২০২২ অথবা ২০২৩ সালের এইচএসসি/সমমান এবং ২০১৯, ২০২০ অথবা ২০২১ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩. ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং ও ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তির ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে নির্দিষ্ট আসনের ১০% পুরুষ প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে নির্দিষ্ট আসনের সর্বোচ্চ ২০% পুরুষ প্রার্থী ভর্তি করা যাবে। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে শুধু মহিলা প্রার্থী আবেদনের যোগ্য হবে।

৪. (ক) **৪ বছর মেয়াদি ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং কোর্স):** বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুটি পরীক্ষায় মোট জিপিএ ৭.০০ থাকতে হবে, তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হবে না এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে।

(খ) **৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি:** যে কোনো বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুটি পরীক্ষায় মোট জিপিএ ৬.০০ থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ ২.৫০ এর কম গ্রহণযোগ্য হবে না।

৫. নার্সিং ও মিডওয়াইফারি কোর্সসমূহে ভর্তির জন্য অনলাইনে ফরম পূরণের নির্দেশিকা ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং ভর্তি নীতিমালা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট www.mefwd.gov.bd, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট www.dgnm.gov.bd এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের ওয়েবসাইট www.bnmc.gov.bd এর মাধ্যমে জানা যাবে।

৬. বিএসসি ও ডিপ্লোমা কোর্সের জন্য পৃথক পৃথক প্রশ্নপত্রে এক ঘন্টার ১০০ (একশত) নম্বরের MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বিন্যাস:**

(ক) **বিএসসি ইন নার্সিং:** বাংলা-২০, ইংরেজি-২০, গণিত-১০, বিজ্ঞান-৩০ (জীববিজ্ঞান, পদার্থবিদ্যা ও রসায়ন) এবং সাধারণ জ্ঞান-২০।

(খ) **ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি:** বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ গণিত-১০, সাধারণ বিজ্ঞান-২৫ এবং সাধারণ জ্ঞান-২৫।

৭. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং প্রার্থীর লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৫ গুণিতক = ২৫ নম্বর ;

এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৫ গুণিতক = ২৫ নম্বর ;

MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা = ১০০ নম্বর, সর্বমোট = (২৫+২৫+১০০) = ১৫০ নম্বর।

৮. লিখিত পরীক্ষায় ৪০ (চল্লিশ) বা তদূর্দ্ধ নম্বর প্রাপ্ত প্রার্থীগণ উত্তীর্ণ মর্মে বিবেচিত হবেন। জাতীয় মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। সরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে প্রার্থীর নির্বাচনী পরীক্ষার মেধাক্রম ও প্রার্থী কর্তৃক প্রদত্ত পছন্দের ক্রমানুসারে প্রার্থী কোন্ প্রতিষ্ঠানে ভর্তি হবে তা নির্ধারিত হবে। বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে মেধাক্রম অনুসারে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি ভর্তির অনুমোদন প্রদান করবে।

৯. **ভর্তি পরীক্ষার ফি:** বিএসসি ইন নার্সিং কোর্সের জন্য ৭০০/-(সাতশত) টাকা, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা আবেদন ফি হিসেবে টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে জমা দিতে হবে। অনলাইনে ফি জমা হলেই আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে।

| | | |
|---|---|---|
| ১০. | অনলাইনে আবেদন শুরুর তারিখ | : ১২ মার্চ ২০২৪ (মঙ্গলবার সকাল ১০.০০ টা) |
| | অনলাইনে আবেদনের শেষ তারিখ | : ০২ এপ্রিল ২০২৪ (মঙ্গলবার, রাত ১১.৫৯ টা) |
| | অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | : ০৩ এপ্রিল ২০২৪ (বুধবার, রাত ১১.৫৯ টা) |
| | অনলাইনে প্রবেশ পত্র ডাউনলোড শুরুর তারিখ | : ২৫ এপ্রিল ২০২৪ (বৃহস্পতিবার, সকাল ১০.০০ ঘটিকা হতে) |
| | ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | : ০৩ মে ২০২৪ (শুক্রবার, সকাল ১০.০০-১১.০০ টা) |

১১. প্রত্যেক সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ/ইনস্টিটিউট এ মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানের সন্তানদের জন্য প্রত্যেক কোর্সের মোট আসনের ২% এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য মোট আসনের ১% সংরক্ষিত থাকবে। অবশিষ্ট ৯৭% আসন জাতীয় মেধা কোটায় নির্বাচন করা হবে। তবে মুক্তিযোদ্ধা কোটা কিংবা ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার কোনো আসন শূন্য থাকলে তা সাধারণ কোটা হতে মেধাক্রমের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা যাবে।

১২. ভর্তি সংক্রান্ত অন্যান্য বিষয়ে 'বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি নীতিমালা, ২০২৪' এর বিধানাবলি অনুসৃত হবে। নীতিমালায় উল্লেখ নাই এমন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ, মিথ্যা অথবা ভুল প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করা হবে।

১০.০৩.২০২৪

মোঃ নাসির উদ্দিন(উপসচিব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
এবং
সদস্য-সচিব, ভর্তি কমিটি

GD-10194 (14x4)